

নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা

নিকস/জঃসঃ/প্রেস রিলিজ/২০০৫/১৪২৮

তারিখ : ১৪ জুন ২০০৬

সংবাদ বিজ্ঞপ্তি

ভোটার তালিকার কার্যক্রম

বিভিন্ন দৈনিক পত্রিকা, ইলেক্ট্রনিক্স মিডিয়া এবং বিভিন্ন মহল থেকে ভোটার তালিকার কার্যক্রম বিষয়ে বিভ্রান্তিমূলক কিছু তথ্য পরিবেশন করা হচ্ছে যা সঠিক নয়।


প্রকৃত পক্ষে নির্বাচন কমিশন মাননীয় সুপ্রীম কোর্টের রায় ও নির্দেশনা অনুযায়ী বিদ্যমান ভোটার তালিকা (২০০০ সালের ভোটার তালিকা) বহাল রেখে সংশ্লিষ্ট আইন ও বিধি অনুযায়ী এ তালিকায় অন্তর্ভুক্তি, কর্তন ও সংশোধন সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করছে। উল্লেখ্য ১ জানুয়ারী ২০০৬ তারিখ হতে সংগৃহীত ২নং ফরমের আলোকে প্রণীত খসড়া ভোটার তালিকা প্রণয়নের লক্ষ্যে ইতোপূর্বে পূরণকৃত ১নং ফরম ভোটার তালিকা সংক্রান্ত বর্তমানে কোন কার্যক্রমেই ব্যবহার করা হবে না।

ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তি, কর্তন ও সংশোধনের জন্য ভোটার তালিকা বিধিমালা ১৯৮২-এ বিভিন্ন ফরম নির্ধারণ করা আছে। এ ফরমগুলি বিধির অংশ বিধায় তা পূরণ করেই অন্তর্ভুক্তি, কর্তন ও সংশোধনের ব্যবস্থা করা হয়। ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য আবেদনকারী ৭নং ফরম পূরণ করে রেজিস্ট্রেশন অফিসার/সহকারী রেজিস্ট্রেশন অফিসারের নিকট প্রদান করলে রেজিস্ট্রেশন অফিসার/সহকারী রেজিস্ট্রেশন অফিসার আবেদনকারীকে ২নং ফরম পূরণ করার নির্দেশ দিবেন। এখানে উল্লেখ্য যে, উপরোক্ত নির্দেশনার আলোকে ১২ জুন ২০০৬ তারিখে নির্বাচন কমিশন কর্তৃক জারীকৃত সংবাদ বিজ্ঞপ্তির ৪নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অর্থাৎ “প্রয়োজনবোধে ভোটার তালিকা প্রণয়ন উপলক্ষে ইতোপূর্বে পূরণকৃত ২নং ফরম (তথ্য ফরম) বিদ্যমান ভোটার তালিকায় সংযোজন/বিয়োজন/সংশোধন সংক্রান্ত কার্যক্রমে ব্যবহার করা যেতে পারে” – আর প্রযোজ্য হবে না। অন্যদিকে সংশোধনের জন্য ৮নং ফরম এবং কর্তনের জন্য ৯নং ফরম পূরণ করার বিধান রয়েছে।

ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তি, কর্তন ও সংশোধনের আবেদন পাওয়ার পর রেজিস্ট্রেশন অফিসারকে এ সকল আবেদন সঠিক আছে কিনা তা পরীক্ষা-নিরীক্ষা করে নাম অন্তর্ভুক্তি, কর্তন ও সংশোধন করতে হয়।

এ ছাড়া বিদ্যমান ভোটার তালিকায় অযোগ্য ভোটারের নাম কর্তন এবং কোন ভোটারের তথ্য সংশোধনের জন্য আইন ও বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। বিদ্যমান ভোটার তালিকায় (২০০০সালে ভোটার তালিকা) ভোটার যোগ্য কারো নাম আছে কিনা বা ভোটার তথ্য সঠিক আছে কিনা তা সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন অফিসারের অফিসে গিয়ে পরীক্ষা-নিরীক্ষা করে দেখতে পারেন এবং সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

নির্বাচন কমিশন মাননীয় সুপ্রীম কোর্টের আপীল বিভাগের নির্দেশ অনুযায়ী বিদ্যমান ভোটার তালিকার বিষয়ে কার্যক্রম গ্রহণ করছে। এ বিষয়ে বিভ্রান্তি সৃষ্টির কোন অবকাশ নেই।


(এস. এম. আসাদুজ্জামান)
জনসংযোগ কর্মকর্তা
ফোন : ৮১১৪১৭৬